

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
জীবনবিজ্ঞান
দশম শ্রেণি

১. প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যাসহ বাক্যটি সম্পূর্ণ করে লেখো :

১.১ পাতার মাধ্যমে প্রাকৃতিক অঙ্গজ বংশবিস্তার করে যে উদ্ভিদ সেটি নির্বাচন করো—

- (ক) মিষ্টি আলু
- (খ) কচুরিপানা
- (গ) আদা
- (ঘ) পাথরকুচি

১.২ সংকরায়ণ পরীক্ষার জন্য মেন্ডেলের মটরগাছ বেছে নেওয়ার সঠিক কারণটি স্থির করো —

- (ক) মটর গাছের বংশবিস্তারে অনেক সময় লাগে
- (খ) মটর গাছে বিপরীতধর্মী বৈশিষ্ট্যের উপস্থিতি খুবই কম
- (গ) মটর ফুল স্বপরাগী হওয়ার বাইরে থেকে অন্য চারিত্রিক বৈশিষ্ট্য মিশে যাওয়ার সম্ভাবনা কম
- (ঘ) মটর গাছের ফুলগুলিতে কৃত্রিমভাবে ইতর পরাগযোগ ঘটানো সম্ভব নয়

১.৩ নীচের যে বস্তুটি সঠিক নয় সেটি চিহ্নিত করো —

- (ক) অতিরিক্ত বাষ্পমোচন রোধ করার জন্য ফণিমনসার পাতা কাঁটায় রূপান্তরিত হয়েছে
- (খ) রুই মাছের পটকার পশ্চাৎ প্রকোষ্ঠে অবস্থিত রেটিয়া মিরাবিলিয়া গ্যাস উৎপাদন করে
- (গ) পায়রার ফুসফুসের সঙ্গে প্রধানত নয়টি বায়ুথলি যুক্ত থাকে যা পায়রাকে উড়তে সাহায্য করে
- (ঘ) উটের RBC ডিম্বাকৃতি হওয়ায় অতি ঘন রক্তের মধ্য দিয়ে এটি সহজেই প্রবাহিত হতে পারে

২. একটি শব্দে বা একটি বাক্যে উত্তর দাও :

২.১ মানব বিকাশের বয়ঃসন্ধি দশার একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য উল্লেখ করো।

২.২ বিসদৃশ শব্দটি বেছে লেখো : মটরের সবুজ রঙের বীজ, মটরের সবুজ রঙের ফল, গিনিপিগের সাদা রঙের লোম, গিনিপিগের মসৃণ লোম

২.৩ নীচে সম্পর্কযুক্ত একটি শব্দ জোড় দেওয়া আছে। প্রথম জোড়টির সম্পর্ক বুঝে দ্বিতীয় জোড়টির শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসানো :

ব্যবহার ও অব্যবহারের সূত্র : ল্যামার্ক :: প্রাকৃতিক নির্বাচন : _____

৩. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

৩.১ স্বপরাগযোগের একটি সুবিধা ও একটি অসুবিধা উল্লেখ করো।

৩.২ “একসংকর জননে F_2 জনুর ফিনোটাইপিক অনুপাত সবসময় 3:1 নাও হতে পারে” — উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করো।

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

৪.১ ডারউইনের মতবাদ অনুসারে ‘যোগ্যতমের উদ্বর্তন’ কীভাবে ঘটে ব্যাখ্যা করো। “শিম্পাঞ্জিরা বিভিন্নভাবে তাদের সমস্যার সমাধান করে” — বস্তুটির যথার্থতা উদাহরণের সাহায্যে বিশ্লেষণ করো।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।